

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৯০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - করমর্দন ও আলিঙ্গন

আরবী

وَعَن البراءِ

قَالَ: دَخَلْتُ مَعَ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أُولَ مَا قدمَ المدينةَ فَإِذا عَائِشَة مُضْطَجِعة قالَ: دَخَلْتُ مَعَ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أُولَ مَا قدمَ المدينةَ فَإِذا عَائِشَة مُضْطَجِعة قد أصابتها حُمَّى فَأَتَاهَا أَبُو بَكْرِ فَقَالَ: كَيْفَ أَنْتِ يَا بُنَيَّةُ؟ وَقَبَّلَ خَدَّهَا. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৬৯০-[১৪] বারা' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ বকর সিদ্দীক(রাঃ) যখন (কোন যুদ্ধ হতে) প্রথম মদীনায় আসেন, তখন আমি তাঁর সাথে তাঁর ঘরে প্রবেশ করলাম। আমি দেখলাম, তাঁর কন্যা 'আয়িশাহ্ (রাঃ) শুয়ে আছেন। তিনি জ্বরে আক্রান্ত হয়েছেন। আবূ বকর সিদ্দীক(রাঃ) তাঁর কাছে গিয়ে জিজ্ঞেস করলেনঃ হে বৎস! তুমি কেমন আছ? এবং তাঁর গালে চুম্বন করলেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৫২২২, বুখারী ৩৯১৮, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১৮৮১৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হারী ১৩৯৬৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ অনুগ্রহ, ভালোবাসা, অথবা সুন্নাত রক্ষার লক্ষেয় তিনি তাকে গালে চুম্বন করেছেন। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন